দৈনিক ইত্তেফাক

তারিখ 07 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ২

# বিতাড়িত ছাত্রদের ফিরাইয়া আনার চেষ্টা চলিতেছে

রেজানুর রহমান ॥ ক্যাম্পাস পরিস্থিতি শান্ত। তবে বিভিন্ন হল হইতে বিতাড়িত ছাত্রদের অনেকেই অদ্যাবধি নিজ নিজ হলে ফিরিয়া আসার সুযোগ পায় নাই। চলতি বছরের গোড়ার দিকে কয়েকটি ছাত্র সংগঠনের অভ্যন্তরীন দ্বন্দ্ব ও সন্ত্রাসী তৎপরতার কারণে ক্যাম্পাস মূলত: উত্তর ও দক্ষিণ পাড়ায় বিভক্ত হয়। একই সাথে বিভিন্ন হল হইতে কিছু ছাত্র বিতাড়িত হয়। একটি সূত্রের মতে, শুরুর দিকে বিতাড়িতদের সংখ্যা ছিল প্রায় ৩ শত। সাম্প্রতিক সময়ে ক্যাম্পাস পরিস্থিতির উন্নতি হওয়া সত্ত্বেও প্রায় ২ শত ছাত্র নিজ নিজ হলে ফিরিয়া আসিতে পারে নাই বলিয়া বিভিন্ন ছাত্র সংগঠনের কর্মকর্তারা দাবী করিতেছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য : ছাত্র সংগঠনগুলি বিতাড়িত ছাত্র-

(৭ম পৃ: ২-এর ক: দ্র:)

## বিতাড়িত ছাত্রদের

(প্রথম পৃ: পর)

দের হলে ফিরাইয়া আনার দাবী করিলেও কয়েকটি ছাত্র সংগঠন হলের বৈধ সীটপ্রাপ্ত ছাত্রদের তালিকা প্রদান করে নাই।

খোঁজ নিয়া জানা যায়, সংগঠনের অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে জহুরুল হক হল, এস, এম হল, জগন্নাথ হল হইতে ছাত্রলীগের কিছু কর্মী এবং মোহসীন হল, সূর্যসেন হল, কবি জসীম উদ্দিন হল, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল হইতে ছাত্র দলের কিছু কর্মী বিতাড়িত হয়। একইভাবে শহীদুল্লাহ ও এফ,এইচ হলেও কিছু ছাত্র বিতাড়িত হয়। বিতাড়িত ছাত্রদের অনেকের নামে সীট বরাদ্দ ছিল না। সহপাঠি অথবা সংগঠনের নেতা-কর্মীর নামে বরাদ্দকৃত সীটে তাহারা অবস্থান করিত। বিতাড়িত হওয়ার পর হল কর্তৃপক্ষ হলে ফেরার বৈধতা দাবী করায় সমস্যা দেখা দিয়াছে। একজন হল প্রভোষ্ট বলেন, হলে সীট বরাদ্দ রহিয়াছে এইরূপ কোন ছাত্র বাহিরে অবস্থান করিতেছে না। যাহার নামে সীট বরাদ্দ নাই কিন্তু ইতিপূর্বে সে হলে অবস্থান করিত তাহাকে হলে অবস্থান করার সুযোগ দেওয়া সম্ভব নয়।

'বিতাড়িত ছাত্রদের হলে ফেরার সুযোগ দেওয়া হউক'—বিভিন্ন ছাত্র সংগঠনের এই দাবীর প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হলের বৈধ ছাত্রদের তালিকা চাহিয়া কয়েকটি ছাত্র সংগঠনকে চিঠি দিয়াছে। বিশ্ববিদ্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান, একটি ছাত্র সংগঠন বৈধ ছাত্রদের তালিকা না দিয়া রুম নম্বর উল্লেখ করিয়া বলিয়াছে, উল্লেখিত রুমগুলিতে আমাদের কর্মীরা থাকিত। অবিলম্বে তাহাদেরকে রুমে ফিরাইয়া আনার ব্যবস্থা করা হউক। উক্ত কর্মকর্তা জানান, বৈধ ছাত্রদের তালিকা না দিয়া রুম দাবী করিলে পরিস্থিতির উন্নতি হইবে না।

গতকাল (মঙ্গলবার) জাসদ (ইনু) ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবদুল্লাহ-হেল-কাইয়ুম বলেন, গণতান্ত্রিক ছাত্র ঐক্যের পক্ষে বিতাড়িত ছাত্রদের একটি তালিকা প্রদানের পরও কোন কাজ হয় নাই; ক্যাম্পাস এখনও উত্তর ও দক্ষিণ পাড়ায় বিভক্ত হইয়া রহিয়াছে।